পরিকল্পনা ইউনিটের কার্যক্রম

১। ভূমিকা

১৯৯২ সালে পরিকল্পনা কমিশন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সুপারিশক্রমে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন পরিকল্পনা ইউনিট গঠন করা হয়। এই ইউনিট গঠনের অন্যতম উদ্দেশ্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগের মাধ্যমে সঠিক পরিকল্পনা প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করা।

বর্তমানে স্বাস্থ্য,জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর (HPNSDP) আওতায় ২০১১-২০১৬ মেয়াদী বাস্তবায়নাধীন উন্নয়ন খাতে গৃহীত কর্মসূচীর পরিকল্পনা প্রণয়ন, পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা এবং উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন পরিবীক্ষণ করা পরিকল্পনা ইউনিটের প্রধান কাজ। এ ইউনিটের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হল স্বাস্থ্য,জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর (HPNSDP) আওতায় ২০১১-২০১৬ মেয়াদী প্ল্যানিং মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন-এফপি অপারেশনাল প্ল্যানের বাস্তবায়ন করা। স্থানীয় পর্যায়ে পরিকল্পনা (এলএলপি) এই অপারেশনাল প্ল্যানের গুরুত্বপূর্ণ উপাদান।

প্রজনন স্বাস্থ্যসেবা : পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা (RH:FP-MCH) সেবা কার্যক্রমের সাথে সম্পৃক্ত বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে অধিভুক্তিকরণ ও নবায়ন প্রদানে পরিকল্পনা ইউনিট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল অবকাঠামো নির্মাণ, মেরামত, সংস্কার সংক্রান্ত প্রস্তাব যাচাই-বাছাই করে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে।

২। উদ্দেশ্য

এ অপারেশনাল প্ল্যানের প্রধান উদ্দেশ্য হল পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন অপারেশনাল প্ল্যানসমূহ প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নে সহায়তা ও সমন্বয় সাধন এবং ২২টি দুর্গম ও নিম্নঅগ্রগতি সম্পন্ন জেলায় স্থানীয় পর্যায়ে পরিকল্পনা বাস্তবায়ন ।

৩। কার্যক্রম

৩.১। বাংলাদেশ জনসংখ্যা নীতি-২০১২ প্রণয়ন।

৩.২। সমন্বয় সাধন ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন অপারেশনাল প্ল্যান /প্রকল্প প্রস্তুতিতে সহায়তা করাঃ

- মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডি, অন্যান্য সরকারি এবং উন্নয়ন সহযোগী সংস্থার সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিষয়াবলীর সমন্বয় সাধন ।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন প্রকল্প/অপারেশনাল প্ল্যান প্রণয়ন, সংশোধন ও অনুমোদনের জন্য পরীক্ষা, পর্যালোচনা এবং প্রক্রিয়াকরণ বিষয়ে সহযোগিতা করা।
- অপারেশনাল প্ল্যান প্রণয়ন কার্যক্রমে লাইন ডাইরক্টরদের সাথে সমন্বয় সাধন।
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP)/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP), মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় (MTBF) ইত্যাদি প্রণয়নপূর্বক অনুমোদনের নিমিত্তে মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনে প্রেরণ।

৩.৩ । কর্মসূচী পরিবীক্ষণ

- বাস্তবায়নাধীন সকল উন্নয়ন কর্মসূচি পরিবীক্ষণের লক্ষ্যে অধিদপ্তরে নিয়মিত পর্যালোচনা, ফলোআপ করা এবং পর্যালোচনা প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণপুর্বক পরিবীক্ষণে সহায়তা করা।
- Annual Program Revew (APR) /Mid Term Revew (MTR) কার্যক্রম অনুষ্ঠান আয়োজনে সহায়তা করা
- সরকারের বিভিন্ন ডকুমেন্ট ও চুক্তিপত্রের ওপর মতামত প্রদান।

৩.৪ । লোকাল লেভেল প্ল্যানিং

এ ওপির আওতায় দেশের দুর্গম ও নিম্নঅগ্রগতিসম্পন্ন ২২টি জেলার ১৮৮টি উপজেলায় লোকাল লেভেল প্ল্যানিং কার্যক্রম চলছে। এর মধ্যে ৭টি বিভাগের ৭টি জেলার ১৪টি উপজেলা পাইলট এলএলপি কার্যক্রমের অন্তর্ভুক্ত। এলএলপির আওতায় গৃহীত উল্লেখযোগ্য কাজসমূহ নিম্নরূপঃ

- সীমিত সম্পদ ব্যবহার করে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পরিবার পরিকল্পনা কার্যক্রমের অগ্রগতির ধারা উন্নয়নে লোকাল লেভেল প্ল্যানিং বাস্তবায়ন করা ।
- উপজেলা প্ল্যানের ভিত্তিতে সমন্বিত প্রতিবেদন প্রস্তুত ও অন্যান্য লাইন ডাইরেক্টরসহ সংশ্লিষ্টদের নিকট প্রেরণ।
- স্থানীয় পর্যায়ে পরিকল্পনা হতে প্রাপ্ত চাহিদাসমূহ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভূক্তকরণে লাইন ডাইরক্টরগণের নিকট প্রস্তাব প্রেরণ।
- স্থানীয় পর্যায়ে পরিকল্পনার আওতায় উপজেলা পর্যায়ে আর্থিক সহায়তা প্রদান ।
- মনিটরিং টুলের মাধ্যমে লোকাল লেভেল প্ল্যানিং কার্যক্রম মনিটরিং করা।

৩.৫ । জিও-এনজিও কার্যক্রম

- বর্তমানে সারাদেশে প্রায় ২১০ টি বেসরকারি প্রতিষ্ঠান (এনজিও) জাতীয় ও স্থানীয় পর্যায়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা কার্যক্রমের সাথে সম্পৃক্ত। এ সকল বেসরকারি প্রতিষ্ঠানের (এনজিও) কার্যক্রম বাস্তবায়নে সহায়তার জন্য সুনির্দিষ্ট নীতিমালার আলোকে অধিভুক্তিকরণ ও নবায়ন প্রদান করা।
- এছাড়া এ সকল বেসরকারি প্রতিষ্ঠানের (এনজিও) কার্যক্রম মনিটরিং ও সুপারভিশন করা।
- জিও-এনজিও সমন্বয় জোরদারকরণ।

৩.৬ । পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল অবকাঠামো নির্মাণ, মেরামত, সংস্কার সংক্রান্ত প্রস্তাব

যাচাই -বাছাই করে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচীর আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ৭ টি অপারেশনাল প্ল্যান বাস্তবায়িত হচ্ছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৭টি অপারেশন প্ল্যানের (২০১১-১৬) পাঁচ বছরের উন্নয়ন বাজেট নিম্নরুপঃ

(কোটি টাকায়)

ক্রমিক নং	অপারেশন প্ল্যানের নাম	মোট	জিওবি	আরপিএ (জিওবি)	ডিপিএ
১।	ফ্যামিলি প্ল্যানিং ফিল্ড সার্ভিস ডেলিভারী	১৬১৪.১০	৩৪৩.৯৯	৮৮৮.৩৬	৩৮১.৭৫
২।	ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিস ডেলিভারী	১৩৫৮.১৪	৬৮২.৯৫	২৪০.০৫	৪৩৫.১৪
৩।	ম্যাটারনাল, চাইল্ড, রিপ্রোডাকটিভ অ্যান্ড এডোলোসেন্ট হেলথ	৮৭৯.০৪	২০০.১৫	৩৮৬.৯৮	২৯১.৯১
৪।	ইনফরমেশন, এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন	১৩৫.০০	৫১.২২	৪৮.৭৮	৩৫.০০
৫।	প্রকিউরমেন্ট, ষ্টোরেজ অ্যান্ড সাপ্লাই ম্যানেজমেন্ট	৮০.৩১	৭৫.১৯	৩.৪০	১.২
৬।	ম্যানেজমেন্ট, ইনফরমেশন সার্ভিসেস	৫৮.০০	২৫.৮৭	২৮.৭১	৩.৪২
৭।	প্ল্যানিং, মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন	১০.০০	২.০০	৭.০০	১.০০
	মোট=	৪১৩৪.৫৯ (১০০%)	১৩৮১.৩৭ (৩৩%)	১৬০৩.২৮ (৩৯%)	১১৪৯.৯৪ (২৮%)

৪। সাফল্য (২০১১-১৪)

- উপজেলা স্টেকহোল্ডার ও পরিকল্পনা প্রণয়ন কর্মশালা আয়োজনের মাধ্যমে ২২টি জেলার ১৮৮টি উপজেলায় ৩ বছর মেয়াদী উপজেলার স্থানীয় পর্যায়ে পরিকল্পনা (এলএলপি) প্রণয়ন।
- ১৮৮টি উপজেলা প্ল্যানের ভিত্তিতে সমন্বিত প্রতিবেদন প্রস্তুত ও অন্যান্য লাইন ডাইরেক্টরসহ সংশ্লিষ্টদের নিকট প্রেরণ।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dgfpmis.org) উপজেলা প্ল্যানসমূহ অন্তর্ভুক্তকরন।
- প্ল্যানিং মনিটরিং এন্ড ইভালুয়েশন-এফপি অপারেশনাল প্ল্যানের আওতায় কমিউনিটি ক্লিনিকে কর্মশালা, স্যাটেলাইট ক্লিনিক ও উঠান বৈঠকে সভা আয়োজন।
- ১৪টি পাইলট উজেলায় প্রসূতি মা ও নবজাতককে শিশু কিট সরবরাহ ।
- মনিটরিং টুলের মাধ্যমে লোকাল লেভেল প্ল্যানিং কার্যক্রম মনিটরিং ।

- ৭টি অপারেশনাল প্ল্যানের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়ন।
- ৭টি অপারেশনাল প্ল্যানের বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়ণ।
- APR এর সুপারিশের ভিত্তিতে তৈরিকৃত Action Plan এর সমন্বিত অগ্রগতি তৈরি।
- ৭টি অপারেশনাল প্ল্যানের বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন ।
- অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে মনিটরিং সভার আয়োজন।
- মনিটরিং রিপোর্ট তৈরি ও যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ ।
- IMED ফরমেট এর মাধ্যমে সকল উন্নয়ন কর্মসূচীর তথ্য প্রক্রিয়াকরণ।
- উন্নয়ন কর্মসূচী তৈরি ও কর্মসূচী মনিটরিং করার নিমিত্তে কর্মশালা আয়োজন।
- বাংলাদেশ জনসংখ্যা নীতি-২০১২ প্রকাশ করা।
- বেসরকারি প্রতিষ্ঠানসমূহ (এনজিও) অধিভুক্তি ও নবায়ন এবং সুপারভিশন ও মনিটরিং করা।